

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 21-05-2026

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

CM Meeting :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা গতকাল রাজ্যের সার্বিক প্রশাসনিক পরিস্থিতি, স্বাস্থ্য পরিষেবা, পরিকাঠামো উন্নয়ন এবং আইন-শৃঙ্খলা সংক্রান্ত বিভিন্ন বিষয় পর্যালোচনার করার জন্য সচিবালয়ে ভিডিও কনফারেন্সের মাধ্যমে টাস্ক মনিটরিং সিস্টেম-এর বৈঠকে পৌরহিত্য করেন। বৈঠকে মুখ্যমন্ত্রী প্রশাসনের বিভিন্ন স্তরের আধিকারিকদের জনস্বার্থ সংশ্লিষ্ট বিষয়গুলিতে আরও সক্রিয়, দায়িত্বশীল এবং সমন্বিতভাবে কাজ করার নির্দেশ দেন। তিনি বলেন, অপরাধ এবং মাদকের বিরুদ্ধে কোনও প্রকার আপোষ করা হবে না। রাজ্যে ভ্রাগসের বিরুদ্ধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে আরও কঠোর ও সক্রিয় হওয়ার নির্দেশ দেন তিনি। একইসঙ্গে অসাধু ওষুধ ব্যবসায়ীদের বিরুদ্ধেও আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণের উপর তিনি গুরুত্বারোপ করেন।

Police Parade :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ নরসিংগড়ে কেটিডিএস পুলিশ প্রশিক্ষণ কেন্দ্রে রাজ্য পুলিশের নতুন ৪৭৬ জন কনস্টেবল পাসিং আউট প্যারেডে অংশ নেবেন। পুলিশ সদর দপ্তর জানিয়েছে, পাসিং আউট প্যারেডে সামিল হবেন ৩১৮ জন পুরুষ এবং ১৫৮ জন মহিলা কনস্টেবল।

TGB Ranks 2nd in APY :

অটল পেনশন যোজনা বাস্তবায়নে ভারতের ২৮টি গ্রামীণ ব্যাংকের মধ্যে দ্বিতীয় সেরা পারফর্মার হিসেবে জাতীয় স্বীকৃতি অর্জন করল ত্রিপুরা গ্রামীণ ব্যাংক। গতকাল নয়াদিল্লিতে পেনশন ফান্ড রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি আয়োজিত এক অনুষ্ঠানে এই মর্যাদাপূর্ণ পুরস্কার দেওয়া হয়। ত্রিপুরা গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান সত্যেন্দ্র সিং এই পুরস্কার গ্রহণ করেন।

Vidyajyoti-Admission :

রাজ্যের বিদ্যাজ্যোতি প্রকল্পভুক্ত বিদ্যালয়গুলিতে ২০২৬-২৭ শিক্ষাবর্ষের জন্য বিজ্ঞান কলা বাণিজ্য বিভাগে একাদশ শ্রেণীতে ভর্তি প্রক্রিয়া গতকাল থেকে শুরু হয়েছে। বিদ্যালয় শিক্ষা দপ্তর সূত্রে জানা গেছে, রাজ্যের যেকোনো বিদ্যাজ্যোতি বিদ্যালয়ে ভর্তির জন্য আবেদনকারীরা শুধুমাত্র অনলাইনে আবেদন করতে পারবে। vidyajyotischools.co.in বিদ্যাজ্যোতি বিদ্যালয়ের এই ওয়েবসাইটে অনলাইনে আবেদন প্রক্রিয়া শুরু হয়েছে। আবেদনের শেষ তারিখ আগামী ২৪শে মে রাত বারোটা পর্যন্ত।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১শে মে, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩৪ তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের স্মৃতিস্তম্ভিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। [my gov open forum](http://mygov.gov)-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮০০-১১-৭৮০০ নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। তাছাড়া ১১২২ নম্বরে মিসড

কল দিয়ে যে লিঙ্ক পাওয়া যাবে তাতেও মতামত জানানো যাবে। ফোনলাইন এমাসের ২৯ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

Jan Bhagidari Abhiyan :

গোমতী জেলা প্রশাসনের উদ্যোগে জনজাতীয় গরিমা উৎসব ২০২৬ উপলক্ষে প্রধানমন্ত্রী জন ভাগীদারী অভিযান “সবসে দূর সবসে পেহেলে” শুরু হয়েছে। এই অভিযানের অঙ্গ হিসাবে গতকাল করবুক ব্লকের রামভদ্র পাড়া আয়ুষ্মান ভারত স্বাস্থ্য কেন্দ্রে এক প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়। তীর্থমুখ স্বাস্থ্য কেন্দ্রের এম.ও.আই.সি ডা: অতনু লস্কর জানিয়েছেন, এই শিবিরে স্বাস্থ্য পরীক্ষার পর বিনামূল্যে ঔষুধ দেওয়া হয়।

DAJA Jampuijala :

ধরতি আবা জনভাগিদারি অভিযানের অধীনে গতকাল জম্পুইজলা ব্লকের মধ্যঘনিয়ামারা ভিলেজ কমিটির আধি সেবা কেন্দ্রে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে কৃষি দপ্তরের পক্ষ থেকে কে.সি.সি, পি.এম.-কিষাণ ফর্ম বিতরণ করা হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ৭৬ জনকে বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা করে ঔষধ বিতরণ করা হয়।

TRLM :

ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনে চলতি অর্থবর্ষের জেলাভিত্তিক বার্ষিক কর্ম পরিকল্পনার বাস্তব ও আর্থিক লক্ষ্যমাত্রা স্থির করার লক্ষ্যে গতকাল বিশালগড় টাউন হলে সিপাহীজলা জেলার স্ব-সহায়ক দলের মহিলাদের নিয়ে এক কর্মশালার আয়োজন করা হয়। বিগত আর্থিক বছরের সাফল্যের খতিয়ান

তোলে ধারার পাশাপাশি চলতি বর্ষের আর্থিক ব্যয় পরিকল্পনা সম্পর্কে আলোচনা হয়।

Anti-corruption Committee :

করবুক মহকুমা প্রশাসনের উদ্যোগে মহকুমা শাসক কার্যালয়ে মহকুমা ভিত্তিক দুর্নীতি দমন কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা বিভিন্ন দপ্তরের আধিকারিকদের সরকারি কাজে দুর্নীতি দমনে কার্যকরি পদক্ষেপ গ্রহণ এবং স্বচ্ছতা বজায় রেখে কাজ করার আহ্বান জানান।

Task Force Committee Meeting :

টিকাকরণ সংক্রান্ত বিষয়ে উত্তর ত্রিপুরা জেলা টাস্ক ফোর্স কমিটির এক সভা গতকাল ধর্মনগরে জেলাশাসক কার্যালয়ে অনুষ্ঠিত হয়। বিগত অর্থ বছরে জেলায় শিশুদের টিকাকরণের সফলতা পর্যালোচনা করার পাশাপাশি ১০০ শতাংশ টিকাকরণের লক্ষ্যমাত্রা পূরণ করতে প্রয়োজনীয় ব্যবস্থা নেবার উপর গুরুত্বারোপ করেন ভারপ্রাপ্ত জেলাশাসক বিজয় সিনহা। সভায় হাম ও রুবেলা নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.৬ ডিগ্রি সেলসিয়াস।
